

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৯২(আগরতলা, ০৭।০৩

শান্তিরবাজার, ০৭ মার্চ, ২০১৯

শান্তিরবাজারে বৈদ্যুতিন ভোটগ্রহণ যন্ত্র সম্পর্কিত সচেতনতা অভিযান শুরু

বৈদ্যুতিন ভোটগ্রহণ যন্ত্র সম্পর্কে ভোটারদের মধ্যে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে গত ৫ মার্চ থেকে শান্তিরবাজার মহকুমা এলাকার ৩৮ জোলাইবাড়ী (এস টি) নির্বাচনী ক্ষেত্রের ভোট গ্রহণ কেন্দ্রগুলোতে ব্যাপক কর্মসূচী হাতে নেওয়া হয়েছে। সরকারী ছুটির দিন ব্যতীত প্রত্যেকদিন সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত বিভিন্ন ভোটগ্রহণ কেন্দ্রগুলোতে এই সচেতনতা অভিযান অনুষ্ঠিত হচ্ছে। উল্লেখ্য, ৩৮ জোলাইবাড়ী (এস টি) নির্বাচনী ক্ষেত্রে মোট ৬০টি ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে। শান্তির বাজার মহকুমা রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
